[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অভিনীত অনন্য মামুন পরিচালিত ‘নবাব এলএলবি’।

অপুর চলচ্চিত্রে আগমন ২০০৫ সালে প্রখ্যাত চলচ্চিত্রকার আমজাদ হোসেন পরিচালিত ‘কাল সকালে’ ছবির মাধ্যমে। এরপর ২০০৬ সালে তিনি নায়িকা হয়ে বড় পর্দায় আসেন এফআই মানিক পরিচালিত ‘কোটি টাকার কাবিন’ ছবিতে। অন্যদিকে মাহিয়া মাহীর চলচ্চিত্রে অভিষেক ২০১২ সালে জাজ মাল্টিমিডিয়ার প্রথম ছবি শাহীন সুমন পরিচালিত ‘ভালোবাসার রঙ’-এর মাধ্যমে।

অপুর প্রথম ছবির নায়ক ছিলেন শাকিব খান আর মাহীর প্রথম ছবির নায়ক ছিলেন বাপ্পী। এবার ১৬ ডিসেম্বর মুক্তি পাওয়া অপুর ছবির নায়ক হবেন বাপ্পী এবং মাহীর ছবির নায়ক শাকিব খান। মানে দুজনের নায়ক হয়ে যাচ্ছে অদল-বদল। এবার দেখার বিষয় কে জিতে? অপু নাকি মাহী?

ভারতে কৃষক আন্দোলন: ভুয়া খবর ছড়ানোর অভিযোগ কঙ্গনার বিরুদ্ধে

ভারতের কেন্দ্রীয় সরকারের আনা নতুন কৃষি আইনের প্রতিবাদে সরব পাঞ্জাব, হরিয়ানা সহ দেশের বিভিন্ন প্রান্তের কৃষকরা। নতুন কৃষি আইনের প্রতিবাদে মিছিল করে এসে রাজধানী দিল্লিতে জমায়েত করেন কৃষকরা।

এরই মাঝে ভুয়া খবর ছড়ানোর অভিযোগ উঠল অভিনেত্রী কঙ্গনা রানাউতের বিরুদ্ধে। এই অভিনেত্রীর অনেকে সমালোচনা করেছেন সামাজিক যোগাযোগ মাধ্যমে।

ঠিক কী ঘটেছে?
কেন্দ্রের কৃষি আইনের প্রতিবাদে উত্তর ভারতের বহু কৃষক মিছিল করে দিল্লিতে পৌঁছান। যে মিছিলে হাঁটতে দেখা যায় এক বৃদ্ধাকে। সেই ছবি নেট দুনিয়ায় ভাইরাল হয়। মিছিলে হাঁটা বৃদ্ধাকে ‘শাহিন বাগ’- এর দাদি বিলকিস বানু ভেবে ভুল করেন অভিনেত্রী কঙ্গনা রানাউত।

সে প্রসঙ্গে একটি টুইটও করেন অভিনেত্রী। কঙ্গনা লেখেন, ‘হা হা হা, এটা তো সেই দাদি, যিনি কিনা টাইম ম্যাগাজিনের প্রতিবেদন অনুসারে সর্বাধিক প্রভাবশালীদের মধ্যে একজন। যাকে ১০০ টাকায় ভাড়া পাওয়া যায়। ভারতকে ছোট করতে পাকিস্তান আন্তর্জাতিক জনসংযোগ আধিকারিককে হাইজ্যাক করেছিল। আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের পক্ষে কথা বলার জন্যও নিজস্ব লোক দরকার।’

কঙ্গনা অবশ্য পরে নিজের এই টুইটটি ডিলিট করে দেন। তবে ততক্ষণে তাঁর টুইটের স্ক্রিনশট সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। টাকা নিয়ে ওই বৃদ্ধা মিছিলে যোগ দিয়েছেন বলে যে অভিযোগ কঙ্গনা করেছিলেন, সে প্রসঙ্গ ধরেই তাকে একহাত দেন নেটিজেনদের একাংশ। কঙ্গনা ভুয়া খবর ছড়াচ্ছেন বলে অভিযোগ করেন তারা।

এদিকে নেটিজেনদের আক্রমণের মুখে পড়ে একজনকে জবাব দিতেও ছাড়েননি অভিনেত্রী। তবে, কেন্দ্রের আনা কৃষি আইনের প্রতিবাদে কৃষকদের পথে নামাকে সমর্থন করেছেন স্বরা ভাস্কর, তাপসী পান্নু, সোনু সুদের মত তারকারা।

খুব শীঘ্রই বিয়ের পিঁড়িতে বসতে যাচ্ছেন অঙ্কুশ-ঐন্দ্রিলা

অনির্বাণ-মধুরিমার পর এবার পিঁড়িতে বসতে যাচ্ছেন টলিউডের অঙ্কুশ-ঐন্দ্রিলা। অনির্বাণ-মধুরিমার বিয়ের শুভেচ্ছা জানাতে গিয়ে নিজের বিয়ের কথা ফাঁস করলেন অঙ্কুশ।

টলিউডের নবদম্পতির ছবি পোস্ট করে টুইটারে অঙ্কুশ লিখলেন, ‘শুভেচ্ছা বন্ধু। তোমাকে দেখে আমিও ঠিক করলাম আমি সেরে ফেলি। শিগগিরই যাচ্ছি তোমার দলে। তোমার রিয়েল লাইফ মালতীকে নিয়ে সারা জীবন সুখে থেকো।’

প্রসঙ্গত, অনির্বাণের সঙ্গে বিরসা দাশগুপ্তের ‘বিবাহ অভিযান’-এ অভিনয় করেছিলেন অঙ্কুশ।

টলিপাড়ার হিট জুটি অঙ্কুশ-ঐন্দ্রিলা। বন্ধুত্ব এবং প্রেম নিয়ে ১০ বছর পার করে ফেলেছেন তারা। পরিবার থেকে অনুরাগী মহল, তাদের প্রেমের কাহিনি গোপন নেই আর কারও কাছেই। তবে কি নতুন বছরে গাঁটছড়া বাঁধতে চলেছেন তারা? অঙ্কুশের টুইট কিন্তু সে দিকেই ইশারা করছে।

রিয়েল লাইফ পার্টনারশিপের অনেক বছর কেটে গেলেও, অফস্ক্রিন এই জুটিকে প্রথমবার একসঙ্গে দেখা যাবে রাজা চন্দের ‘ম্যাজিক’ ছবিতে। বড়দিনে মুক্তি পেতে চলেছে এই ছবির ট্রেলার।

কর্মহীন লোকেরাই ট্রোল করে: কারিনা কাপুর

সাফ জানিয়ে দিলেন কারিনা কাপুর, যারা অনলাইনে সেলিব্রিটিদের ট্রোল করে, তারা বাস্তবে কর্মহীন হয়ে বাড়িতে বসে আছে। কোনও কাজ না পেয়েই তারা এভাবে নিজেদের মতামত জানায়।

মুম্বাইয়ের সংবাদমাধ্যমকে এক সাক্ষাৎকারে কারিনা জানিয়েছেন, “এই অতিমারি এবং লকডাউন মানুষের মনকে এলোমেলো করে দিয়েছে। আমাদের হাতে এখন অনেক ফাঁকা সময়।

তাই মানুষ সব কিছু নিয়ে বেশি ভাবছেন, বেশি আলোচনা করছেন এবং তার সঙ্গে ট্রোলও বেশি করছেন। সবাই বাড়িতে বসে আছেন, অনেক মানুষের হাতে কাজও নেই। তাদের মন্তব্যগুলোকে ট্রোলিং হিসাবে ধরাও উচিত নয়। তারা আসলে বোর হচ্ছেন এবং প্রত্যেকেরই কিছু না কিছু বলার আছে।”

কারিনা মনে করেন, প্রত্যেকেরই অন্য কারও জীবনে নাক না গলিয়ে নিজের জায়গায় নিজের মতো করে খুশি থাকা উচিত। যদি কেউ ট্রোল করে খুশি থাকেন তা হলে তাকে তাই করেই খুশি থাকার উপদেশ দিলেন অভিনেত্রী।

‘বাবু খাইছো’ নিয়ে এবার হিরো আলমের গান

‘বাবু খাইছো’ নিয়ে এবার গান গাইলেন হিরো আলম। তার গানের শিরোনাম ‘ডেটিং এ যখন তুমি আমি যাই, তুমি বলো- নানা নানা না’।

প্রযোজনা প্রতিষ্ঠান এমওএম মিউজিক থেকে গানটি প্রকাশ হচ্ছে। তবে ইতোমধ্যে গানটি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে।

অনেকেই তার গানের ভিডিও ফেসবুকে পোস্ট করছেন।

এ বিষয়ে হিরো আলম বলেন, ‘আমার ইচ্ছা ছিল, আমি বড় সুপার স্টার হবো, তাই হয়েছি। এবার ইচ্ছা হলো, আমি গান গাইব। সেটাও করলাম। দর্শকদের গানটি ভালো লাগবে।’

গত সেপ্টেম্বরে প্রকাশিত ‘বাবু খাইছো’ শিরোনামে একটি গান বেশ জনপ্রিয়তা পায় দেশের তরুণদের মাঝে। ফেসবুক ও ইউটিউবে গানটি রিলিজ পাওয়ার পর আর অল্প সময়েই তা ভাইরাল হয়।

মুক্তিযুদ্ধ জাদুঘরে আলী যাকেরকে শেষ শ্রদ্ধা

একুশে পদকপ্রাপ্ত সাংস্কৃতিক ব্যক্তিত্ব, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দসৈনিক আলী যাকেরকে শেষ শ্রদ্ধা জানাতে তার মরদেহ নেওয়া হয়েছে রাজধানীর মুক্তিযুদ্ধ জাদুঘরে।

শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে তার মরদেহ মুক্তিযুদ্ধ জাদুঘরে নেওয়া হয়।

সেখানে বীর মুক্তিযোদ্ধা আলী যাকেরকে ঢাকা জেলা প্রশাসনের পক্ষ থেকে গার্ড অব অনার দেওয়া হয়।

দেশের শিল্প-সাংস্কৃতি ও নাট্যাঙ্গনের বিশিষ্টজনরা আলী যাকেরকে শেষ শ্রদ্ধা জানাতে উপস্থিত হন সেখানে।

৭৬ বছরে শেষ শুক্রবার সকালে নিঃশ্বাস ত্যাগ করেন আলী যাকের। মৃত্যুকালে তিনি রেখে গেছেন স্ত্রী নাট্যজন সারা যাকের, ছেলে নাট্যাভিনেতা ইরেশ যাকের, মেয়ে রেডিও উপস্থাপক শ্রিয়া সর্বজায়াসহ অসংখ্য গুণগ্রাহী ভক্ত-অনুরাগীকে।

প্রায় চার বছর ধরে ক্যান্সারের সঙ্গে লড়াই করছেন আলী যাকের। সম্প্রতি তার শারীরিক অবস্থার অবনতি হলে গত ১৫ নভেম্বর তাকে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ভর্তি করা হয়। সেখানকার সিসিইউতে চিকিৎসাধীন ছিলেন তিনি।

ছয় অন্তঃসত্ত্বা প্রেমিকাকে নিয়ে বিয়ের অনুষ্ঠানে নাইটক্লাবের মালিক

বন্ধুর বিয়েতে নিজের অন্তঃসত্ত্বা ৬ প্রেমিকাকে নিয়ে গিয়ে আলোচনায় উঠে এসেছেন নাইরেরিয়ার একটি নাইটক্লাবের মালিক। তার নাম মাইক এজে নাওয়েলি নাওগুর। তিনি নিজের ইনস্টাগ্রাম প্রোফাইলে তার এই ছবি ও ভিডিও আপলোড করেছেন।

তার বন্ধু দেশের বিনোদন জগৎ অর্থাৎ নলিউডের বিখ্যাত অভিনেতা উইলিয়াম উচেম্বা। সম্প্রতি তার বিয়েতেই সবার নজর কাড়েন তিনি।

মাইক এজে নাওয়েলি নাওগুর জানিয়েছেন, ছয় সঙ্গিনীর সন্তানের পিতা তিনিই। একই বাড়িতে থাকেন সবাই। সেজেগুজেই বিয়েতে গিয়েছিলেন নাওগু। নিজে পরেছিলেন গোলাপি রঙের স্যুট। মাথার চুল রাঙিয়েছিলেন সোনালি রঙে। সঙ্গিনীদের সাজিয়েছিলেন রূপালি পোশাকে।

বিয়ের বাড়িতে প্রবেশের ভিডিও’ও পোস্ট করেছেন নাওগু। সেখানে আবার প্রত্যেক সঙ্গিনীকে পরম ভালোবাসায় হাত ধরে বাড়ির ভেতরে নিয়ে আসে তিনি। চুম্বনে ভরিয়ে দেন তাদের বেবি বাম্প।

নাওগুর এই ভিডিও প্রকাশ্যে আসতেই নাইজেরিয়ায় হইচই পড়ে গেছে। তবে নিজের এই খ্যাতি বেশ উপভোগ করছেন তিনি। সূত্র- বিডি প্রতিদিন

খরার মাঝেও ব্যস্ত তারা…

দীর্ঘদিন ধরে চলচ্চিত্রে চরম খরা চলছে। ছবি নির্মাণ আর মুক্তি নেই। শিল্পীদের হাতে কাজ নেই। ছবির অভাবে সিনেমা হল বন্ধ রোধ করা যাচ্ছে না। এতে বিপাকে পড়েছে চলচ্চিত্র সংশ্লিষ্ট সবাই। এই অচলাবস্থা কখন কাটবে তা কেউ জানে না। তবে আশার কথা হলো, এই খরার মাঝেও কালেভদ্রে কিছু ছবি নির্মাণ হচ্ছে এবং তাতে অভিনয় করছেন শীর্ষ শিল্পীরা। এমন কয়েকজন ব্যস্ত শিল্পীর কথা তুলে ধরেছেন-আলাউদ্দীন মাজিদ

শাকিব খান-মাহী
গত সেপ্টেম্বর থেকে ঢালিউডের শীর্ষ নায়ক শাকিব খান ও নায়িকা মাহিয়া মাহী জুটি বেঁধে অভিনয় করছেন ‘নবাব এলএলবি’ ছবিতে। সামাজিক-অ্যাকশনধর্মী গল্পের এই ছবিটি নির্মাণ করছেন অনন্য মামুন। এটি মুক্তি পাবে বিজয়ের মাস ডিসেম্বরে। বর্তমানে ছবিটির শুটিং-ডাবিং প্রায় শেষ। ২৭ নভেম্বর এ ছবির দুটি গান ও কয়েকটি অ্যাকশন দৃশ্য ধারণের জন্য মালদ্বীপ যাবে ছবির ইউনিট।

অনন্ত-বর্ষা
দীর্ঘ কয়েক বছর পর জনপ্রিয় চলচ্চিত্রকার এম এ জলিল অনন্ত নির্মাণ করছেন ‘দিন-দ্য ডে’ ছবিটি। এটি বাংলাদেশ ও ইরানের যৌথ প্রযোজনায় নির্মিত হচ্ছে। গত বছরের শেষদিকে এর শুটিং শুরু হলেও গত মার্চ মাস থেকে করোনার কারণে নির্মাণকাজ বন্ধ ছিল। গত অক্টোবর থেকে তুরস্কের ইস্তাম্বুলে আবার শুরু হয়েছে ছবিটির শুটিং। এতে অংশ নিচ্ছেন অনন্ত-বর্ষাসহ আরও অনেক শিল্পী। আগামী বছর ছবিটি মুক্তি দেওয়ার কথা রয়েছে।

অপু বিশ্বাস-নিরব
জনপ্রিয় অভিনেত্রী অপু বিশ্বাস ও নায়ক নিরব জুটি বেঁধে কাজ করছেন ‘ছায়াবৃক্ষ’ ছবিতে। সরকারি অনুদানপ্রাপ্ত এই ছবিটি পরিচালনা করছেন বন্ধন বিশ্বাস। চলতি মাসের প্রথমার্ধে চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় একটি চা বাগানে ছবিটির শুটিং শুরু হয়। মূলত চা বাগানের শ্রমিকদের মানবেতর জীবনযাপনের চিত্র তুলে ধরা হচ্ছে ছবিটিতে। এতে অপু বিশ্বাস চা বাগানের একজন শ্রমিকের চরিত্রে অভিনয় করছেন। আগামী বছর ছবিটি মুক্তি দেওয়া হবে।

অপু-বাপ্পী
অপু বিশ্বাস দ্বিতীয়বারের মতো নায়ক বাপ্পীর সঙ্গে জুটি বেঁধেছেন ‘প্রিয় কমলা’ ছবিতে। এতে অপুর চরিত্রের নাম কমলা আর প্রিয় হচ্ছেন বাপ্পী। মুক্তিযুদ্ধ চলাকালীন কমলা নামের একটি মেয়ের জীবন যন্ত্রণার গল্প ফুটিয়ে তোলা হচ্ছে ছবিটিতে। মূলত কমলাকে ঘিরেই ছবির গল্প গড়িয়েছে। ইমপ্রেস টেলিফিল্মের ব্যানারে ছবিটি পরিচালনা করছেন শাহরিয়ার নাজিম জয়।

পপি
বেশ বিরতির পর নতুন ছবিতে অভিনয় করছেন সাদিকা পারভীন পপি। ছবির নাম ‘ভালোবাসার প্রজাপতি’। ইমপ্রেস টেলিছবির ব্যানারে এটি যৌথভাবে পরিচালনা করছেন রাজু আলীম ও মাসুমা তানি। বর্তমানে ছবিটির শুটিং চলছে। ভালোবাসা, লকডাউন, ডিভোর্স প্রভৃতি বিষয় উঠে আসবে ছবিতে। এতে পপিকে দেখা যাবে একজন চিকিৎসকের চরিত্রে।

নুসরাত ইমরোজ তিশা
কথাসাহিত্যিক সেলিনা হোসেনের লেখা প্রীতিলতা ওয়াদ্দেদারের জীবনীনির্ভর উপন্যাস ‘ভালোবাসা প্রীতিলতা’ অবলম্বনে নির্মিত হচ্ছে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। সেখানেই নামভূমিকায় অভিনয় করছেন তিশা। সরকারি অনুদানের চলচ্চিত্রটি প্রযোজনা ও পরিচালনা করছেন প্রদীপ ঘোষ। গত ২৪ সেপ্টেম্বর বীরকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদারের ৮৯তম আত্মাহুতি দিবস উপলক্ষে চলচ্চিত্রটির মহরত অনুষ্ঠিত হয়। বর্তমানে চট্টগ্রামে ছবিটির শুটিং চলছে।

স্পর্শিয়া
জনপ্রিয় অভিনয়শিল্পী স্পর্শিয়া এবার অভিনয় করছেন শীর্ষ অভিনেতা শাকিব খানের সঙ্গে। অনন্য মামুন পরিচালিত নবাব এলএলবি ছবিতে একজন রেডিও জকির চরিত্রে দেখা যাবে স্পর্শিয়াকে। বর্তমানে ছবিটির শুটিং প্রায় শেষ। সমসাময়িক নানা ঘটনাকে কেন্দ্র করে ছবিটির গল্প

গড়ে উঠেছে। ২৭ নভেম্বর থেকে মালদ্বীপে ছবির দুটি গানের দৃশ্যায়ন শেষে বিজয়ের মাস ডিসেম্বরেই একটি অনলাইন প্ল্যাটফরমে মুক্তি পাবে ছবিটি।

পরীমণি
ব্রিটিশবিরোধী আন্দোলনের প্রথম বিপ্লবী নারী শহীদ প্রীতিলতা ওয়াদ্দেদার চরিত্রে অভিনয় করছেন নায়িকা পরীমণি। ছবিটি পরিচালনা করছেন রাশিদ পলাশ। ইউফরসির ব্যানারে ১ নভেম্বর থেকে ছবিটির শুটিং শুরু হয়। ঢাকা, চট্টগ্রাম এবং কলকাতায় ছবিটির শুটিং হবে বলে জানান নির্মাতা। তিনি বলেন, এখন আমরা পরীকে প্রীতিলতারূপে দর্শকের কাছে হাজির করার অপেক্ষায় আছি।

এবার এক সিনেমায় শাহরুখ, সালমান, হৃত্বিক

গত সপ্তাহেই বলিউড থেকে চমকের খবর আসে, প্রথমবারের মতো এক সিনেমায় অভিনয় করতে যাচ্ছেন শাহরুখ, সালমান ও আমির খান। আমিরের ‘লাল সিং চাড্ডা’ সিনেমায় দুটি ক্যামিও চরিত্রে দেখা দেবেন তার দুই ‘খান’ বন্ধু। সেই সঙ্গে সালমানের ‘টাইগার’ সিনেমার পরবর্তী সিক্যুয়ালে অতিথি চরিত্রে অভিনয় করবেন কিং খান।

এবার ভারতের প্রযোজনা প্রতিষ্ঠান যশরাজ ফিল্মস আরেক চমকের খবর দিল। ‘ওয়ার’ ছবিতে এবার হৃত্বিক রোশান, শাহরুখ খান ও সালমান খানকে একসঙ্গে দেখা যাবে। হৃত্বিক রোশান অভিনীত সিক্যুয়েলে বিশেষ চরিত্রে চমক নিয়ে হাজির হচ্ছেন বলিউডের এই দুই সুপারস্টার।

দর্শকদের আগ্রহ বাড়াই এই সিদ্ধান্ত প্রযোজনা প্রতিষ্ঠান যশরাজ ফিল্মসের। ভারতের গণমাধ্যম ফিল্মফেয়ার এ তথ্য জানিয়েছে। বলিউডের সেরা তারকাদের অংশগ্রহণে এবার নতুনভাবে আলোচনায় এলো ‘ওয়ার’। ছবিটিতে শাহরুখ ও সালমান কোন চরিত্রে অভিনয় করবেন সে সম্পর্কে কিছু বলা হয়নি।

এর আগেও মুম্বাইয়ের এই যশরাজ ফিল্মস চমকের কথা জানিয়েছিল, পাঠান

সিনেমায় বলিউড বাদশাহ শাহরুখের সঙ্গে যোগ দিয়েছেন দীপিকা পাড়ুকোন। ছবিটিতে একটি বিশেষ চরিত্রে চমক নিয়ে হাজির হবেন বলিউড সুপারস্টার সালমান খান। ইতোমধ্যে স্টুডিওতে শুরু হয়েছে ‘পাঠান’ সিনেমার শুটিং।

সংবাদ প্রতিবেদনে বলা হয়েছে, যশরাজ প্রযোজিত সুপারহিট সিনেমা ‘ওয়ার’র সিক্যুয়েলে হৃত্বিক রোশনের সঙ্গে এবার দেখা যাবে শাহরুখ ও সালমান খানকে। সংবাদটি প্রকাশের পর সামাজিক যোগাযোগ মাধ্যমে এ নিয়ে বেশ আলোচনা চলছে। এর আগে শাহরুখ খানের সঙ্গে হৃত্বিক সিনেমা করলেও এটিই হবে সালমানের সঙ্গে তার প্রথম কোনো সিনেমা।